

মুগাত্তম

প্রিন্ট: ১১ আগস্ট ২০২৫, ১০:৩৮ এএম

শেষ পাতা

তফশিল ঘোষণা

জাকসু নির্বাচন ১১ সেপ্টেম্বর



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১১ আগস্ট ২০২৫, ১২:০০ এএম

প্রিন্ট সংস্করণ



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনের তফশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। তফশিল অনুযায়ী ১১ সেপ্টেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে। সিনেট ভবনে সদস্য সচিব অধ্যাপক একেএম রাশিদুল আলম রোববার বেলা সাড়ে ৩টায় এ তফশিল ঘোষণা করেন।

নির্বাচনি তফশিল অনুযায়ী, ১০ আগস্ট খসড়া ভোটার তালিকা ও আচরণবিধি প্রকাশ করা হবে। ১৪ আগস্ট বিকাল ৪টা পর্যন্ত ভোটার তালিকা সম্পর্কে আপত্তি ও মতামত গ্রহণ করা হবে। ১৭ আগস্ট চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকা ও চূড়ান্ত আচরণবিধি প্রকাশ করা হবে।

নির্বাচনে অংশ নিতে ইচ্ছুক প্রার্থীরা ১৮ ও ১৯ আগস্ট সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা দিতে পারবেন। মনোনয়নপত্র যাচাই-বাচাই হবে ২১ আগস্ট থেকে ২৪ আগস্ট এবং খসড়া প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ২৫ আগস্ট।

মনোনয়নপত্রের বৈধতার বিষয়ে এবং বাতিলের বিরুদ্ধে আপিল আবেদন গ্রহণ করা হবে ২৬ আগস্ট সকাল ৯টা থেকে বেলা ১২টা পর্যন্ত। পরে আপিলের শুনানি গ্রহণ করা হবে ২৭ আগস্ট সকাল ৯টা থেকে দুপুর ৬টা পর্যন্ত এবং আপিলের রায় ঘোষণা করা হবে ২৭ আগস্ট বিকাল ৪টায়। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২৮ আগস্ট সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। সবকিছু শেষে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ২৯ আগস্ট বিকাল ৪টায়।

তফসিলে আরও বলা হয়, ২৯ আগস্ট বিকাল ৪টা থেকে ৯ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত চলবে নির্বাচনি প্রচার। সবশেষে ১১ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলবে ভোট গ্রহণ। পরে ভোট গণনা ও ফলাফল প্রকাশ করা হবে।

নির্বাচন কমিশনের সদস্য সচিব অধ্যাপক একেএম রাশিদুল আলম বলেন, একটি সুষ্ঠু-সুন্দর নির্বাচন আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হবে।

জাকসুর তফশিল ঘোষণা শেষে ২১টি হলের হল সংসদ নির্বাচনের তফশিল ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তারা।

এ সময় অন্যদের মধ্যে জাকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান,
সদস্য অধ্যাপক মোহাম্মদ মাফরুজী সাত্তার, সদস্য অধ্যাপক ড. খো. লুৎফুল এলাহী, সদস্য ড.
রেজওয়ানা করিম স্নিগ্ধা এবং ২১টি আবাসিক হলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন উপস্থিত ছিলেন।